

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২.৬২৫

তারিখ: ২০ আগস্ট ২০২৫

বিষয়: ৩০ দিন ও ৬০ দিন মেয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত সুফলভোগী সদস্যদের তালিকা প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় সুফলভোগীদের আত্ম-কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে অনুমোদিত আরডিপিপিতে ৩০ দিন ও ৬০ দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণের সংস্থান রয়েছে। প্রশিক্ষণসমূহ পল্লী উন্নয়ন একাডেমী, গোপালগঞ্জ/বগুড়া ও জেলা পর্যায়ের টিটিসিসমূহে অনুষ্ঠিত হবে। উল্লিখিত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত হকে যোগ্য সুফলভোগীদের তালিকা প্রাথমিকভাবে আগামী ২৬/০৮/২০২৫ তারিখের মধ্যে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে আগ্রহী ও যোগ্য সুফলভোগীদের তালিকা প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ডিপিপি'র সংস্থান মোতাবেক ভাতাদি প্রদান করা হবে। যোগ্য প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করতে হবে:

১. বিশেষ সমিতির সদস্যদের অগ্রাধিকার প্রদান করতে হবে;
২. সদস্যদের বয়স ৪৫ বছরের নিম্নে হতে হবে;
৩. শিক্ষাগত যোগ্যতা ট্রেডভেদে ন্যূনতম এসএসসি/অষ্টম শ্রেণি পাশ হতে হবে;
৪. প্রকল্পের আওতায় যেকোন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগীকে পুনরায় মনোনয়ন প্রদান করা যাবে না।

উপজেলা:.....

ছক

জেলা:.....

ক্র: নং	সুফলভোগীর নাম ও কোড নং	সমিতির নাম ও কোড নং	বয়স (এনআইডি অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা	প্রস্তাবিত ট্রেড	প্রশিক্ষণের মেয়াদ	মোবাইল নম্বর

সংযুক্তি: প্রশিক্ষণ ট্রেড ও মেয়াদ সংক্রান্ত তথ্যাদি

মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৪১০১০৩৪১

ই-মেইল: iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):


১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..... (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট জেলা);
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: ..... (ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে আগ্রহী ও যোগ্য প্রশিক্ষণার্থী মনোনয়ন নিশ্চিত করার অনুরোধসহ);
৫. অফিস নথি।


দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প

প্রশিক্ষণের ট্রেড সংক্রান্ত তথ্যাবলী

ক্র: নং	প্রস্তাবিত ট্রেড	মেয়াদ	সম্ভাব্য ভেন্যু	প্রাপ্য ভাতাদি (যাতায়াত ভাতাসহ)	মন্তব্য
১.	মা ও শিশুর স্বাস্থ্য সেবা ও পরিচর্যা	৬০ দিন	আরডিএ গোপালগঞ্জ	২১,০০০/-	প্রশিক্ষণের ভেন্যুভেদে যাতায়াত ভাতার পরিমাণ পরিবর্তন হতে পারে, সেক্ষেত্রে মোট ভাতার পরিমাণও পরিবর্তন হবে।
২.	লাইভস্টক সার্ভিস প্রোভাইডার	৬০ দিন	আরডিএ বগুড়া/গোপালগঞ্জ	২১,০০০/-	
৩.	বেসিক কম্পিউটার ও ফ্রিল্যান্সিং	৬০ দিন	আরডিএ বগুড়া/গোপালগঞ্জ	২১,০০০/-	
৪.	মোবাইল সার্ভিসিং	৬০ দিন	আরডিএ গোপালগঞ্জ/ পিরোজপুর/যশোর টিটিসি	১৯,৫০০/-	
৫.	টেইলারিং ও ড্রেস মেকিং	৬০ দিন	আরডিএ গোপালগঞ্জ ও সংশ্লিষ্ট টিটিসি	১৯,৫০০/-	
৬.	বিউটিফিকেশন	৬০ দিন	বিনাইদহ টিটিসি	১৯,৫০০/-	
৭.	খাদ্য প্রক্রিয়াজাতকরণ	৩০ দিন	আরডিএ বগুড়া/বরিশাল টিটিসি	১৮,০০০/-	
৮.	সেলাই ও এমব্রয়ডারী	৩০ দিন	আরডিএ গোপালগঞ্জ/ সংশ্লিষ্ট টিটিসি	১২,০০০/ ১০,৫০০/-	
৯.	ব্লক বাটিক	৩০ দিন	সংশ্লিষ্ট টিটিসি	১৬,৫০০/-	
১০.	সতরঞ্জি	৩০ দিন	রংপুর টিটিসি	১৬,৫০০/-	
১১.	ব্যাগ তৈরি	৩০ দিন	সংশ্লিষ্ট টিটিসি	১৬,৫০০/-	
১২.	হস্ত ও কুটির শিল্প	৩০ দিন	সংশ্লিষ্ট টিটিসি	১৬,৫০০/-	

বি:দ্র:-আরডিএ গোপালগঞ্জ ও আরডিএ বগুড়ায় প্রশিক্ষণের ক্ষেত্রে যাতায়াত ভাতা ৩০০০/- এবং জেলা পর্যায়ে টিটিসিসমূহে প্রশিক্ষণের ক্ষেত্রে ১৫০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

  
 ২০/০৮/২০২২  
 মোঃ আবদুস সবুর  
 উপপ্রকল্প পরিচালক (ইরেসপো)  
 বিআরডিবি, ঢাকা।

  
 মোহাম্মদ রাশেদুল আলম  
 প্রকল্প পরিচালক  
 ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা